# ইরানের বেসামরিক স্থাপনায় যুক্তরাষ্ট্রের ভয়াবহ হামলা



সংগৃহীত ছবি

টানা ষষ্ঠ দিনের মতো ইরানের বিভিন্ন এলাকায় সামরিক অভিযান চালিয়েছে যুক্তরাষ্ট্র। ইরানের দক্ষিণাঞ্চলের গুরুত্বপূর্ণ বন্দরনগরী বন্দর আব্বাসের স্থানীয় প্রশাসনের দাবি, সাম্প্রতিক হামলায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, রেল যোগাযোগ অবকাঠামোসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বেসামরিক স্থাপনা ক্ষতির মুখে পড়েছে।

এর পাল্টা প্রতিক্রিয়ায় ইরানের সশস্ত্র বাহিনী জানিয়েছে, বাহরাইনে অবস্থিত একটি মার্কিন সামরিক স্থাপনাকে লক্ষ্য করে তারা হামলা পরিচালনা করেছে। অন্যদিকে, আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতির অবনতির প্রেক্ষাপটে কুয়েত সম্ভাব্য ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা মোকাবিলায় প্রতিরক্ষা প্রস্তুতি জোরদার করেছে।

ইরানের সামরিক বাহিনীর এক মুখপাত্র বলেছেন, চলমান সংঘাতের প্রভাবের কারণে বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালির পরিস্থিতি ভবিষ্যতে আর আগের মতো থাকবে না।

LENS ASIA

এদিকে, যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, ইরানের ওপর আরোপিত নিষেধাজ্ঞা বাস্তবায়নের অংশ হিসেবে ওমান উপসাগরে একটি জাহাজে অভিযান চালিয়ে সেখানে সামরিক উপস্থিতি নিশ্চিত করা হয়েছে।